



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
সাধারণ শাখা
www.barisaldiv.gov.bd



পৌষ ১৪২৯

নম্বর: ০৫.১০.০০০.০০৩.১১.০০২.২২- ৭৪৩

তারিখ : -----


২০ ডিসেম্বর ২০২২

বিষয় : ধূমপান ও তামাক মুক্ত বরিশাল বিভাগ গঠনের লক্ষ্যে পাবলিক প্লেস ও পাবলিক পরিবহনে ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার বন্ধকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে তামাকজনিত রোগে আক্রান্ত হয়ে প্রতিবছর প্রায় ১,৬১,০০০ এর অধিক মানুষ (দি টোব্যাকো এটলাস, ২০১৮) মারা যায়। বাংলাদেশ সরকার বিশ্ব স্বাস্থ্য সংস্থার Framework Convention on Tobacco Control (FCTC) স্বাক্ষর ও অনুসমর্থন করেছে এবং এর আলোকে “ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫” পাস করে। পরবর্তীতে ২০১৩ সালে আলোচ্য তামাক নিয়ন্ত্রণ আইনে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন ও ২০১৫ সালে বিধিমালা জারি করা হয়। ৩১ জানুয়ারি, ২০১৬ খ্রি: তারিখে ঢাকায় অনুষ্ঠিত সাউথ এশিয়ান স্পিকার্স সামিটের সমাপনী অধিবেশনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ২০৪০ সালের মধ্যে বাংলাদেশ থেকে তামাক নির্মূলের ঘোষণা দিয়েছেন।

ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার ও বিক্রয় হ্রাস করার জন্য ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ এর ধারা ৪ এ পাবলিক প্লেস (জনসমাগম স্থান) এবং গণ পরিবহনে ধূমপান নিষিদ্ধ করে সুস্পষ্ট বিধান জারি করা হয়েছে। বর্ণিত আইনের ধারা ০৭ এর বিধান মতে কোন ব্যক্তি কোন পাবলিক প্লেস এবং পাবলিক পরিবহনে এ ধূমপান করতে পারবে না। কোন ব্যক্তি এই বিধান লঙ্ঘন করলে তিনি অনধিক তিনশত টাকা (৩০০/-) অর্থদণ্ডে দণ্ডিত হবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুন: পুন: এই অপরাধ সংঘটন করলে পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডপ্রাপ্ত হবেন। এছাড়াও, বর্ণিত আইনের ০৭ ধারায় ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার রোধে সচেতনমূলক প্রচারণার ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। প্রত্যেক পাবলিক প্লেসের মালিক, তত্ত্বাবধায়ক, নিয়ন্ত্রণকারী ব্যক্তি বা ব্যবস্থাপক উক্ত স্থানের এক বা একাধিক জায়গায় এবং পাবলিক পরিবহনের মালিক, তত্ত্বাবধায়ক, নিয়ন্ত্রণকারী ব্যক্তি বা ব্যবস্থাপক সংশ্লিষ্ট যানবাহনে “ধূমপান হইতে বিরত থাকুন, ইহা শাস্তিযোগ্য অপরাধ” সম্বলিত নোটিশ বাংলা এবং ইংরেজী ভাষায় প্রদর্শন করার নির্দেশনা রয়েছে। কোন পাবলিক প্লেস বা পাবলিক পরিবহনের মালিক, তত্ত্বাবধায়ক বা নিয়ন্ত্রণকারী ব্যক্তি বা ব্যবস্থাপক এ বিধান লঙ্ঘন করলে তিনি অনধিক এক হাজার টাকা (১০০০/-) অর্থ দণ্ডে দণ্ডিত করা হবে এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করলে তিনি পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডনীয় হবেন।

এমতাবস্থায়, ধূমপান ও তামাকজাত দ্রব্য মুক্ত বরিশাল বিভাগ গঠনের লক্ষ্যে সকল ধরনের পাবলিক প্লেস এবং পাবলিক পরিবহনে ধূমপান মুক্ত রাখার জন্য আইনের বিধান যথাযথভাবে প্রয়োগের প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


মোঃ আমিন উল আহসান
বিভাগীয় কমিশনার
বরিশাল
ফোন: ০২৪৭৮৮-৬৫০৩৮

ই-মেইল:divcombarisal@mopa.gov.bd

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট,
বরিশাল/পটুয়াখালী/ভোলা/পিরোজপুর/বরগুনা/ঝালকাঠি।

বিতরণ : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব ও সমন্বয়কারী, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপমহাপুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল
০৫. পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।